

**3 (Sem-5/CBCS) BEN-HC 2**

**2 0 2 2**

**BENGALI**

**( Honours )**

Paper : BEN-HC-5026

( আধুনিক বাংলা সাহিত্য : স্বাধীনোত্তর পর্ব )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) :  $1 \times 10 = 10$

(ক) শূন্যস্থান পূরণ করো :

“দুয়ার এঁটে ঘুমিয়ে আছে পাড়া  
কেবল শুনি রাতের \_\_\_\_\_।”

(খ) ‘সাকিন’ শব্দের অর্থ কী ?

(গ) “..... তোমার

পায়ের কাছে মরা প্রজাপতির মতো এরা লুটোবে।”

এখানে কবি ‘এরা’ বলতে কাদের বুঝিয়েছেন ?

( 2 )

- (ঘ) “সহসা শুনি রাতের কড়ানাড়া।” ঘুমের মাঝে কবি কোন্ ডাক শুনতে পেতেন?
- (ঙ) “হ হ করা কালসন্ধ্যা ভেসে আসা গানে।” পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?
- (চ) শূন্যস্থান পূরণ করো :  
“যে কেড়েছে \_\_\_\_\_, সে-ই কেড়েছে ভয়,”
- (ছ) ‘অঞ্জনগড়’-এর আয়তন কত?
- (জ) সহায়হরির মেজ মেয়ের নাম কী?
- (ঝ) ‘তারিণী মাঝি’ গল্পে উল্লিখিত অম্বুবাচী উপলক্ষে ফেরত যাত্রীর দল কোন্ ঘাটে এসে ভিড় করেছিল?
- (ঞ) ‘হারানের নাভজামাই’ গল্পে হারানের ঘরে কে আশ্রয় নিয়েছিলেন?
- (ট) ‘মহেশ’ গল্পে গফুরের মেয়ের নাম কী?
- (ঠ) ‘ফসিল’ গল্পে অঞ্জনগড়ের আদি বাসিন্দা কারা ছিল?

A23/287

( Continued )

( 3 )

- (ড) ‘সাজানো বাগান’ নাটকটি প্রথম কত খ্রিস্টাব্দে অভিনীত হয়েছিল?
- (ঢ) বাঞ্ছারামের পদবী কী?
- (ণ) ‘সাজানো বাগান’ নাটকে ‘লাজে রাজা হলো কনে বউ গো’ গানটি কে গেয়েছে?
- (ত) ‘সাজানো বাগান’ নাটকে মোট কয়টি অঙ্ক রয়েছে?
- (থ) ‘সাজানো বাগান’ নাটক কোন্ গোষ্ঠী প্রযোজনা করেছিল?
- (দ) ‘সাজানো বাগান’ নাটকের চরিত্র হোঁৎকার আসল নাম কী?
- ২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০
- (ক) “সায়ের ঝিয়ারি যায় অনন্ত ভাসানে ॥” এখানে ‘সায়ের ঝিয়ারি’ কে? সে কাকে সঙ্গে নিয়ে অনন্ত ভাসানে যাত্রা করেছিল?
- (খ) “আমার চোখের পাতায় লেগে থাকে” এই পংক্তিটি কোন্ কবিতার অন্তর্ভুক্ত? এখানে কবির চোখের পাতায় কী লেগে থাকার কথা রয়েছে?

A23/287

( Turn Over )

( 4 )

- (গ) “যেখানে, একুশ তত আত্মীয় নয়,  
এমন-কি উনিশও।”  
কবি এখানে কোন্ দুটি মাসের ‘একুশ’ ও ‘উনিশ’  
তারিখের কথা বলেছেন ?
- (ঘ) সহায়হরি কত সের ওজনের মেটে আলু বন থেকে তুলে  
এনেছিল ? বনটির নাম কী ?
- (ঙ) গল্পকার সুবোধ ঘোষের জন্ম ও মৃত্যু সাল লেখো।
- (চ) ‘মহেশ’ গল্পে উল্লিখিত গ্রামের নাম ও জমিদারের নাম  
কী, লেখো।
- (ছ) ‘সাজানো বাগান’ নাটকে কে, কাকে বাবা তারকনাথ  
বানিয়ে ছাড়বে বলে শাসিয়েছে ?
- (জ) কোঁৎকার ভালো নাম কী ? সে কার পুত্র ?
- (ঝ) ‘সাজানো বাগান’ নাটকটি যে দুজন ব্যক্তিকে উৎসর্গ করা  
হয়েছে তাঁদের নাম লেখো।
- (ঞ) ‘সাজানো বাগান’ নাটকের বাঞ্ছারামের নাতি ও  
নাতৃবউয়ের নাম লেখো।

( 5 )

- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০
- (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :  
“কুপিলম্পে রাত-কানা নিরক্ষরা বুড়ি  
লখার মরণে কান্দে আছুড়ি-পিছুড়ি।”
- (খ) ‘অবনী বাড়ি আছে’ কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য  
বুঝিয়ে লেখো।
- (গ) ‘পুঁইমাচা’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঘ) ‘তারিণী মাঝি’ গল্পে বর্ণিত বন্যা পরিস্থিতির চিত্র তুলে  
ধরো।
- (ঙ) ‘নোনাজল’ গল্পের সমীক্ষাদি চরিত্র আলোচনা করো।
- (চ) ‘বাঞ্ছারামের বাগান’ নাটকের পদ্ম চরিত্র বিশ্লেষণ করো।
- (ছ) বাঞ্ছারামের বাড়িঘর ও বাগানের বর্ণনা দাও।
- (জ) ‘বাঞ্ছারামের বাগান’ নাটকের গুপে চরিত্রটির গুরুত্ব  
নির্ণয় করো।

( 6 )

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৪=৪০

৪। (ক) সুভাষ মুখোপাধ্যায়ের কবি-পরিচিতিসহ তাঁর 'যত দূরে যাই' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য আলোচনা করো।

অথবা

(খ) শক্তিপদ ব্রহ্মচারীর 'উদ্বাস্তর ডায়েরি' কবিতা অবলম্বনে কবির রাজনৈতিক চেতনার পরিচয় দাও।

অথবা

(গ) 'সাকিন' কবিতার বিষয়বস্তু বুঝিয়ে লেখো।

৫। (ক) 'মহেশ' গল্পে প্রতিফলিত সমাজচিত্র অঙ্কন করো।

অথবা

(খ) 'হরাণের নাভজামাই' গল্পের বিষয়বস্তু আলোচনা করো।

অথবা

(গ) 'নোনাজল' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

৬। (ক) 'সাজানো বাগান' নাটকের নকড়ি দত্তের চরিত্র বিশ্লেষণ করো।

অথবা

(খ) 'সাজানো বাগান' নাটকের সংলাপ ব্যবহারের সার্থকতা বিচার করো।

A23/287

( Continued )

( 7 )

৭। (ক) "মনোজ মিত্র তাঁর 'সাজানো বাগান' নাটকে তিন পুরুষের গল্প বলেছেন।" এই মন্তব্য যথার্থ কি না, যুক্তিসহ আলোচনা করো।

অথবা

(খ) 'পুঁইমাচা' গল্পের সহায়হরি চরিত্রটি আলোচনা করো।

\*\*\*

A23—1200/287

3 (Sem-5/CBCS) BEN-HC 2